

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭১৫

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ (৪) মদীনার ফযীলত প্রসঙ্গে বর্ণনা

4 - بَابُ فَضْلِ الْمَدِينَةِ

আরবী

3715 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدٍ بْنُ سِنَانٍ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ سَمِعْتُ أَبَا الْحُبَابِ سَعِيدَ بْنَ يَسَارٍ قَالَ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أُمِرْتُ بِقَرْيَةٍ تَأْكُلُ الْقَرْيَ يَقُولُونَ: يَتْرَبُ وَهِيَ الْمَدِينَةُ تَنْفِي النَّاسَ كَمَا يَنْفِي الْكَبِيرُ خَبَثَ الْحَدِيدِ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3715 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (274):

م.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (أُمِرْتُ بِقَرْيَةٍ تَأْكُلُ الْقَرْيَ) لَفْظَةٌ تَمَثِيلٍ مُرَادُهَا: أَنَّ الْإِسْلَامَ يَكُونُ ابْتِدَاؤُهُ مِنَ الْمَدِينَةِ ثُمَّ يَغْلِبُ عَلَى سَائِرِ الْقَرْيَ وَيَعْلُو عَلَى سَائِرِ الْمُلُكِ فَكَأَنَّهَا قَدْ أَتَتْ عَلَيْهَا لَا أَنَّ الْمَدِينَةَ تَأْكُلُ الْقَرْيَ.

বাংলা

৩৭১৫. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আমাকে আদেশ করা হয়েছে এমন এক জনপদে (হিজরত করতে), যা অন্যান্য সমস্ত নগরীকে খেয়ে ফেলবে (জয় করবে)। লোকজন সেটাকে ইয়াসরিব বলে। বস্তুত সেটা মাদীনা। এটা (মন্দ) লোকদের বিতাড়িত করে, যেভাবে হাপর লোহার ময়লাকে দূর করে।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “আমাকে আদেশ করা হয়েছে এমন এক জনপদে (হিজরত করতে), যা অন্যান্য সমস্ত নগরীকে খেয়ে ফেলবে।” এটি একটি

উপমামূলক বাক্য, এর দ্বারা উদ্দেশ্য হলো নিশ্চয়ই ইসলামের সূচনা মদীনা থেকে হবে তারপর সেটা অন্যান্য নগরীর উপর প্রাবল্যতা লাভ করবে এবং অন্যান্য সমস্ত রাজত্বের উপর বিজয়ী হবে। কাজেই এটা এমন হলো যে, যেন এটি অন্যান্য নগরীর উপর প্রাবল্যতা লাভ করবে। এর দ্বারা এটা উদ্দেশ্য নয়, মাদীনা অন্যান্য সমস্ত নগরীকে খেয়ে ফেলবে।”

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২/৮৮৭; মুসনাদ আহমাদ: ২/২৩৭; সহীহুল বুখারী: ১৮৭১; সহীহ মুসলিম: ১৩৮২; তাহাবী, শারহ মুশকিলুল আসার: ২/৩৩২-৩৩৩; বাগাবী: ২০১৬; মুসান্নাফ আব্দুর রায়যাক: ১৭১৬৫; হুমাইদী: ১১৫২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুশ শামাইল: ৯৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93052>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন